**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের সঙ্গে দেখা করে বাইরে থেকে সাহায্যপ্রাপ্ত প্রকল্পগুলির আর্থিক সাহায্যের সীমা বৃদ্ধির দাবি জানিয়েছেন।**
**(২) রাজ্যে আজ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস পালন করা হচ্ছে।**
**(৩) স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে গত বছর বাস্তবায়িত তিনটি ঐতিহাসিক ফৌজদারি আইন বিচার ব্যবস্থাকে দ্রুত, সরল এবং আরও সহজলভ্য করে তুলেছে।**
**(৪) রাজ্যের বিশিষ্ট নৃত্যশিল্পী ডঃ পদ্মিনী চক্রবর্তী আজ দুপুরে আগরতলার ক্যান্সার হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।**

*******************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ নতুনদিল্লিতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের সঙ্গে দেখা করেছেন এবং বাইরে থেকে সাহায্যপ্রাপ্ত প্রকল্পগুলির আর্থিক সাহায্যের সীমা বৃদ্ধির দাবি জানিয়েছেন। সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী এখবর জানিয়ে বলেন, সীমাবদ্ধতার কারণে, শহরোন্নয়ন, পর্যটন ও আগরতলা পুর নিগমের একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের অগ্রগতি হচ্ছে না। তিনি আরো জানান কেন্দ্র আগামী তিন বছরের জন্য ত্রিপুরার জন্য বহিঃসহায়তা প্রাপ্ত প্রকল্পগুলির সর্বোচ্চ সীমা ৪,০০০ কোটি টাকা নির্ধারণ করেছে।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**IDDR-West District :**

রাজ্যে আজ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস পালন করা হচ্ছে। এবছর দিবসটির ভাবনা - "Funding Resilience, Not Disaster" অর্থাৎ দুর্যোগের পর ত্রাণ নয়, বরং আগাম প্রতিরোধ ব্যবস্থা গঠনে বিনিয়োগ বাড়ানো প্রয়োজন।

এই উপলক্ষে আজ আগরতলায় এক সচেতনতামূলক র‍্যালি অনুষ্ঠিত হয়। রেলিটি পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ের সামনে থেকে শুরু হয়ে আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলাশাসক ডাঃ বিশাল কুমার। তিনি বলেন, আন্তর্জাতিক দুর্যোগ ঝুঁকি প্রশমণ দিবসের মূল উদ্দেশ্য হচ্ছে দুর্যোগের ঝুঁকি হ্রাসে কী কি করণীয় সেব্যাপারে জনগণকে সচেতনতা বৃদ্ধি করা।

সচিবালয়ে সাধারণ প্রশাসন দপ্তরের সচিব টি. কে. দেবনাথ উপস্থিত বিভিন্ন স্তরের আধিকারিক ও কর্মচারিদের দুর্যোগ মোকাবিলার বিষয়ে শপথ বাক্য পাঠ করান। পাশাপাশি এন.ডি.আর.এফ এবং ফায়ার অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসের জওয়ানগণ বিপর্যয় মোকাবিলার উপর মহড়া প্রদর্শন করেন। রাজ্যে বিভিন্ন জেলা ও মহকুমা সদর, শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসগুলিতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

******************************

**IDDR-Unakoti :**

ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। সম্ভাব্য বিপর্যয়ের ঝুঁকি প্রশমনে প্রত্যেককে আগাম প্রস্তুতি গ্রহনের বিষয়ে গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন ঊনকোটি জেলার জেলাশাসক ডক্টর তমাল মজুমদার, অতিরিক্ত জেলাশাসক অর্ঘ্য সাহা, কৈলাশহরের SDM বিপুল দাস প্রমুখ। অনুষ্ঠানে বিগত দুর্যোগ ও বিপর্যয়কালীন সময়ে অসামান্য অবদানের স্বীকৃতি

হিসেবে বিভিন্ন জনকে শংসাপত্র প্রদান করা হয়। তাছাড়া বিপর্যয় মোকাবিলা বিষয়ে সচেতনতা বৃদ্ধি বিষয়ে শপথ বাক্য পাঠ করান হয়।

************************************

**IDDR–Sepahijala District :**

এই উপলক্ষ্যে আজ সিপাহীজলা জেলাতেও সরকারি দপ্তরগুলিতে শপথবাক্য পাঠ করা হয়। সোনামুড়া মহকুমা শাসক অফিসে শপথবাক্য পাঠ করান ডি.সি.এম প্রবীর সাহা। সোনামুড়া নগর পঞ্চায়েত কার্যালয়ে শপথ বাক্য পাঠ করান নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী।

***************************

**Package Story–Vocal for Local :**

আলোর উৎসব দীপাবলিতে চিরাচরিত মাটির প্রদীপ জ্বালানোর চেনা ছবিটা একটা সময় চ্যালেঞ্জের মুখে এসে দাঁড়িয়েছিল। রাজ্য বা দেশের বাইরে থেকে আসা তথাকথিত সস্তা কিন্তু পরিবেশের পক্ষে ঝুঁকি পূর্ণ চমকদার উপাদানে ছেয়ে যাচ্ছিলো বাজার। এর মধ্যেই প্রধানমন্ত্রীর ভোকাল ফর লোকাল বা স্থানীয় উৎপাদনের পক্ষে সরব হওয়ার আহ্বান সারাদেশের সঙ্গে রাজ্যেও জাগাচ্ছে নতুন উদ্দীপনা। সিপাহীজলা জেলাতে মাটির প্রদীপের কারিগররাও দেখছেন নতুন আশার আলো। শুনুন একটি প্রতিবেদন।

########VC######

*****************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে বর্তমানে ৩ লক্ষ ৯৮ হাজার জন সামাজিক ভাতা পাচ্ছেন। এরজন্য বছরে ৮৩০ কোটি ৬০ লক্ষ টাকা ব্যয় হচ্ছে। অষ্টম পোষণ মাস উপলক্ষে আজ মোহনপুর ব্লক স্তরের পর্যবেক্ষণ সভা ও মানসিক দিব্যাঙ্গজনদের মধ্যে অনুমোদনপত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার মুখ্যমন্ত্রীর মানসিক দিব্যাঙ্গজন কল্যাণ প্রকল্পের অধীনে আগামী ২৭শে সেপ্টেম্বর থেকে দিব্যাঙ্গজনদের

সামাজিকভাতা প্রদান শুরু করবে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল ৬০ শতাংশের বেশি মানসিক দিব্যাঙ্গজনদের আর্থিক সহায়তা প্রদান করা। এই প্রকল্পে তালিকাভুক্ত মানসিক দিব্যাঙ্গজনেরা প্রতি মাসে ৫,০০০ টাকা করে ভাতা পাবেন। এরজন্য প্রতি মাসে মোট ৪৪ লক্ষ ৫৫ হাজার টাকা ব্যয় হবে। প্রথম পর্যায়ে মোট ৮৯১ জন তালিকাভুক্ত মানসিক দিব্যাঙ্গজনকে প্রতি মাসে সরাসরি তাদের ব্যাংক অ্যাকাউন্টে এই অর্থ প্রদান করা হবে। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী মোহনপুর ব্লকের ১৫ জন দিব্যাঙ্গজনদের ব্যক্তির হাতে অনুমোদনপত্র তুলে দেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**New Criminal Laws :**

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে গত বছর বাস্তবায়িত তিনটি ঐতিহাসিক ফৌজদারি আইন বিচার ব্যবস্থাকে দ্রুত, সরল এবং আরও সহজলভ্য করে তুলেছে। তিনি এই আইনগুলিকে ন্যায়বিচারের সহজতা নিশ্চিত করার দিকে একটি বড় পদক্ষেপ হিসাবে বর্ণনা করেছেন। নতুন ফৌজদারি আইন

বাস্তবায়নের এক বছর পূর্তি উপলক্ষে একটি রাজ্য পর্যায়ের প্রদর্শনীর উদ্বোধনের পর আজ জয়পুরে এক অনুষ্ঠানে তিনি বলেন, বিস্তৃত আলোচনা এবং শত শত মানুষের পরামর্শ বিবেচনার পরে আইনগুলি প্রণয়ন করা হয়েছে।

#####Byte-Amit Shah#####

নতুন আইনগুলির মূল বৈশিষ্ট্যগুলি তুলে ধরে শ্রী শাহ বলেন যে নারী ও শিশুদের বিরুদ্ধে অপরাধের জন্য এতে বিশেষ বিধান রয়েছে। শ্রী শাহ নাগরিকদের দৈনন্দিন জীবনে স্বদেশী গ্রহণের অঙ্গীকার গ্রহণের আহ্বান জানান। তিনি বলেন, শুধুমাত্র ভারতে তৈরি পণ্য ব্যবহার করলে দেশীয় উৎপাদন বৃদ্ধি পাবে, যা ২০৪৭ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়ার জন্য দেশের সংকল্প পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। অনুষ্ঠান থেকে স্বরাষ্ট্রমন্ত্রী নয় হাজার তিনশো কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পের উদ্বোধন করেন।

*****************************

**Death-Dr. Padmini Chakraborty :**

রাজ্যের বিশিষ্ট নৃত্যশিল্পী ডঃ পদ্মিনী চক্রবর্তী আজ দুপুরে আগরতলার ক্যান্সার হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৯বছর। আজ প্রথমে তাঁর মরদেহ শচীন দেববর্মন স্মৃতি সরকারি সঙ্গীত মহাবিদ্যালয়ে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে মরদেহ রামনগরস্থিত তাঁর নিজ বাড়িতে নিয়ে যাওয়া হলে শেষ শ্রদ্ধা জানান প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিধায়ক সুদীপ রায় বর্মন, তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী। পরে বটতলা মহাশ্মশানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা পদ্মিনী চক্রবর্তীর প্রয়াণে তাঁর বিদেহী আত্মার চিরশান্তি কামনা করে শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন। তিনি বলেন ত্রিপুরার সংস্কৃতি অঙ্গনে তাঁর নিষ্ঠা, সৃজনশীল প্রতিভা ও অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

********************************

**Vikshit Bharat Buildathan–Gomoti :**

বিকশিত ভারত বিল্ডাথন–২০২৫–এর স্পটলাইট পর্বে আজ গোমতি জেলার উদয়পুর ইংলিশ মিডিয়াম স্কুলের একাদশ শ্রেণীর ছাত্রী রক্ষিতা সাহা, দ্বাদশ শ্রেণীর অরিজিৎ মজুমদার, নবম শ্রেণীর মুগ্ধা সাহা ও তত্ত্বাবধায়ক শিক্ষিকা পাপুয়া মজুমদার কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের সঙ্গে সরাসরি সম্প্রচার অনুষ্ঠানে অংশ নিয়েছে। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার লক্ষ্যে সামিল হওয়ার সুযোগ পেয়ে তারা দারুনভাবে আনন্দিত। উল্লেখ্য, এটি ছিল সারাদেশের বাছাই করা পড়ুয়াদের সঙ্গে বিকশিত ভারত গড়ার লক্ষ্যে উদ্ভাবনী পদক্ষেপ, সৃজনশীলতা ও সমস্যা মোকাবিলায় একযোগে সরাসরি অনুষ্ঠান। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের বিদ্যালয় শিক্ষা ও সাক্ষরতা বিভাগের পাশাপাশি এই উদ্যোগে সহায়তা করছে নীতিআয়োগের অটল ইনোভেশন মিশন এবং সর্বভারতীয় কারিগরি শিক্ষা পরিষদ। অনুষ্ঠান শেষে অরিজিৎ মজুমদার দলের পক্ষ থেকে প্রতিক্রিয়ায় জানান, আজকের এই অনুষ্ঠানে উপস্থিত থেকে দেশের বিভিন্ন স্কুলের নতুন নতুন মডেল দেখে তারা ব্যাপক অভিজ্ঞতা অর্জন করেছেন। গোমতি জেলার শিক্ষা আধিকারিক কল্যাণ ভদ্র আমাদের গোমতি জেলা প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে জানিয়েছেন, জেলার ৬১৫টি স্কুলের ২২ হাজার ২৩১ জন ছাত্রছাত্রী এবং ৩ হাজার ৭৭৮ জন শিক্ষক শিক্ষিকা সরাসরি সম্প্রচার অনুষ্ঠানে অংশ নিয়েছেন।

**************************

**Vinu Mankar Cricket :**

ভিনু মানকর ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের গ্রুপের তৃতীয় খেলায়ও আজ ত্রিপুরা পরাজিত হয়েছে। দেরাদুনের মহারাণা প্রতাপ কলেজ মাঠে অনুষ্ঠিত খেলায় কর্ণাটক ২০৬ রানের বিশাল ব্যবধানে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে কর্ণাটক ৫০ ওভারে ৬ উইকেটে ৩০৭ রান করে। জবাবে রাজ্যদল ২৫ ওভার ১ বল–এ ১০১ রানে সবাই আউট হয়ে যায়।

*****************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আজ বলা হয়েছে, আগামী দু'তিন দিনের মধ্যে গোটা উত্তর-পূর্বাঞ্চল থেকে বর্ষা আনুষ্ঠানিকভাবে বিদায় নেবে। এদিকে, আগরতলায় আবহাওয়া বিভাগ সূত্রে জানা গেছে, আগামীকাল রাজ্যের আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াস।

*****************************